

Workshop on Preparation for Accreditation: Documentations and Evidence



Workshop on Preparation for Accreditation: Documentations and Evidence



অ্যাকাডেমিক প্রোগ্রামের অ্যাক্রেডিটেশনের অভিপ্রায় ব্যক্ত করায় গত ২৭ মার্চ ২০২৪ খ্রি. তারিখে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের আয়োজনে প্রাইম ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয়েছে; “Preparation for Accreditation: Documentations and Evidence” বিষয়ক কর্মশালা। কর্মশালায় উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস. এম কবীর এবং অ্যাক্রেডিটেশন বিভাগের পরিচালক প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদ। এছাড়া উপস্থিত ছিলেন প্রাইম ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. ইঞ্জি. মো. হুমায়ুন কবীর, ট্রেজারার, বিভিন্ন অনুষদের ডিন, আইকিউএসির পরিচালক, রেজিস্ট্রার, বিভিন্ন বিভাগের প্রধানগণ ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর ড. মো. এস. এম. কবীর। তিনি অ্যাক্রেডিটেশন পদ্ধতি এবং এতদসংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন ডকুমেন্ট এবং প্রমাণক সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। কর্মশালায় প্রাইম ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য ও সংশ্লিষ্ট শিক্ষকমণ্ডলী অ্যাক্রেডিটেশন আবেদনের প্রস্তুতি সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশ্ন করেন এবং কর্মশালার প্রবন্ধ উপস্থাপক তাদের সকল প্রশ্নের প্রেক্ষিতে বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করেন।